



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ট্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

স্মারক নং পসব্য/প্রকা/হিসাব-১৮/২০১৭-১৮/২১৭৩

তারিখঃ ২০/০৫/২০১৮ খ্রি.

উপজেলা সমন্বয়কারী

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

সকল শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)

পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয় : মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ

আপনারা নিশ্চয়ই অবহিত রয়েছেন যে, পল্লী সঞ্চয় ব্যাংকের প্রধান সম্পদ হল সদস্যদের নিকট বিতরণকৃত ঋণ এবং আয়ের অন্যতম প্রধান উৎস হচ্ছে আদায়কৃত ঋণের বিপরীতে প্রাপ্ত সার্ভিস চার্জ। কিন্তু ৪৮৪টি শাখার ১৬/৫/২০১৭ তারিখের সম্পদের অবস্থা ও সামগ্রিক কার্যক্রম পর্যালোচনায় আমরা আতঙ্কিত। নিম্নে এ সংক্রান্ত কিছু তথ্য উল্লেখ করা হল :


• ঋণ গ্রহীতার সংখ্যা	: সংখ্যা ১৫,২১,২৪৬	ঋণ স্থিতি : ২২৪৩.৪২ কোটি টাকা
• মেয়াদোত্তীর্ণ ঋণ গ্রহীতার সংখ্যা	: ১১,৬০,১১০	মেয়াদোত্তীর্ণ ঋণ স্থিতি : ১৪৯৮.২৬ কোটি টাকা
• মেয়াদোত্তীর্ণ ঋণের হার	: ৬৭%	
• ঋণ গ্রহীতা প্রতি মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ	: প্রায় ১৩,০০০/- টাকা	
• শাখার মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা (অফিস সহায়ক/গার্ড ছাড়া)	: ৫৫৩১	
• কর্মকর্তা প্রতি মেয়াদোত্তীর্ণ ঋণ সংখ্যা	: ২৭৪	

২.০০। একটি ব্যাংকের সাফল্যের বহুলাংশ উহার সম্পদের উৎকর্ষতার উপর নির্ভর করে কিন্তু পল্লী সঞ্চয় ব্যাংকের ৬৭% সম্পদ নন-পারফরমিং হয়ে যাওয়ায় আমরা সকলেই চিন্তিত। তবে আমাদের যে নবীন ও উদ্যমী কর্মীবাহিনী রয়েছে তারা খেলাপী ঋণগ্রহীতাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে সর্বশক্তি নিয়োগ করে মেয়াদোত্তীর্ণ ঋণগুলি দ্রুতই আদায় করতে সমর্থ হবে মর্মে আমার দৃঢ় বিশ্বাস।

৩.০০। সকলকে অনুধাবন করতে হবে যে, সরকার যে মহান ব্রত নিয়ে ব্যতিক্রমী এ ব্যাংকটি প্রতিষ্ঠা করেছে তার সফল বাস্তবায়নের গুরুদায়িত্ব আপনাদের ও আমাদের সকলের। তাছাড়া ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের ভবিষ্যত সমৃদ্ধি ও সুযোগ সুবিধা নির্ভর করবে ব্যাংকের ঋণ আদায়ের সন্তোষজনক অবস্থা তথা ব্যাংকটি মুনাফাজনকভাবে পরিচালিত করার উপর।

৪.০০। তাই আসুন আমরা সকলে মিলে অঙ্গীকারবদ্ধ হই যে, মেয়াদোত্তীর্ণ ঋণগুলি আদায়পূর্বক সঠিকভাবে ঋণ বিতরণ এবং নিবিড় তদারকী ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে উহা সময়মত আদায় করে জনগণের সেবায় সকলেই আরও অধিক আত্মনিয়োগ করব।

আপনার বিশ্বস্ত,


(মোঃ মহব্বত উল্লাহ)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ৫৫১৩৮৫৫৯

ই-মেইল-dmd@pallisanchaybank.gov.bd

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সহকারী মহাব্যবস্থাপক, (সকল) পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।